



সদর দপ্তর

চান্দনা, গাজীপুর।

টেলিফোন: ০২-৯২৬২৭৮৮

ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪

E-Mail: gazipbs@yahoo.com

Web: pbs1.gazipur.gov.bd

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015 CERTIFIED

স্মারকনং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২১.৩২০

তারিখ ১১ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ- ১০ এমডিএ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করার জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)
পদ্ধতিতে দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

নিম্ন বর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী ১০ এমডিএ পাওয়ার ট্রান্সফরমার পরিবহন করার জন্য গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্র নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)
০১	সেন্ট্রাল ওয়ার হাউজ, সাভার, ঢাকা হতে একটি ১০/১৪ এমডিএ পাওয়ার ট্রান্সফরমার (কোম্পানী-এনার্জীপ্যাক, ওজন-২১০০০ কেজি) ও আনুষঙ্গিক মালামাল রেডিয়েটর, বুশিং, সার্কিট ব্রেকার, আরটিসি প্যানেল পাওয়ার ট্রান্সফরমার হতে খোলা ও প্যাকিং করা এবং তৈল অপসারণ করে শুকনো পরিষ্কার ড্রামে এয়ার টাইটরূপে সংরক্ষন করে পাওয়ার ট্রান্সফরমারসহ সকল মালামাল লোডিং করে অত্র পবিসের সালনা-১ (বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর) উপকেন্দ্রে পরিবহণ এবং পাওয়ার ট্রান্সফরমার আনলোডিং করে রেডিয়েটর, বুশিং, সার্কিট ব্রেকার, আরটিসি প্যানেল পাওয়ার ট্রান্সফরমারে সংযোজন করা এবং অপসারিত তৈল ড্রাম হতে পুনরায় পাওয়ার ট্রান্সফরমারে ঢালাসহ পাওয়ার ট্রান্সফরমার প্যাডে স্থাপন করণ।	০১ টি	
সর্বমোট =			
কথায়ঃ			

শর্তাবলীঃ-

০১। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আগামী ০৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় সীলগালা অবস্থায় গাজীপুর পবিস-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর-এ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ পৌছাইতে/দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র গ্রহণ করা হবে না এবং খাম বন্ধ অবস্থায় বাতিল বলে গণ্য করা হবে। দাখিলকৃত দরপত্র সমূহ একই দিন বেলা ১১:০৫ ঘটিকার সময় গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।

০২। কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহণ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে বিল হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

- ০৩ ॥ দরদাতাগণকে অবশ্যই সীলগালা করা খামের উপর অংশে সুস্পষ্টভাবে “পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের কোটেশন” কথাটি লিখতে হবে।
- ০৪ ॥ দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট নিবন্ধন ও ব্যাংক সলভেন্সী সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে।
- ০৫ ॥ কার্যাদেশ প্রাপ্তির তিনটি কার্যদিবসের মধ্যে অত্র পবিসের সহিত ৩০০.০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের চুক্তি পত্র সম্পাদন করতে হবে।
- ০৬ ॥ বিল উপস্থাপন সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/কর কর্তন পূর্বক একাউন্ট পেয়াি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭ ॥ পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে ভাল অবস্থায় বুঝে নিতে হবে এবং ভাল অবস্থায় সম্মিতিকে বুঝিয়ে দিতে হবে।
- ০৮ ॥ দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে নিম্নে ঠিকানায় লিখিতভাবে অনুরোধ করা হলো।
- ০৯ ॥ শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০ ॥ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ কার্যার্থে।

- ০১ ॥ ডিজিএম, ছায়াবীথি জোনাল অফিস, গাজীপুর পবিস-১।
- ০২ ॥ এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম), গাজীপুর পবিস-১।
- ০৩ ॥ সহঃ প্রকৌশলী (প্রঃ বিভাগ), বাপবিবো, গাজীপুর।
- ০৪ ॥ এজিএম(আইটি), গাজীপুর পবিস-১(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫ ॥ মেসার্স.....
- ০৬ ॥ নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।

বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্ত করণ/মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধসহ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১ ॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২ ॥ পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ/জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর।
- ০৩ ॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,পবিস-১/২/৩/৪।
- ০৪ ॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট বাপবিবো, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৫ ॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হল।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার